**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**৬৩, নেতাজী সুভাষ রোড, জেশপ বিল্ডিং,**
**কলকাতা - ৭০০ ০০১**

সত্যমেব জয়তে

স্মারক নং : ৪৬৫০/পি.এন/ও/১/৪এ-১/০৬(পার্ট-১) তারিখ : ৩১ .০৮.২০১২

**প্রেরক:**
**সৌরভ কুমার দাস**
**প্রধান সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

**প্রাপক:**
**জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, জেলা/মহকুমা পরিষদ (সকল),**

**বিষয় : গ্রাম পঞ্চায়েতের স্বমূল্যায়ন প্রতিবেদনের (২০১১-১২) [স্মারক নং : ৩৩০৬/পি.এন/ও/১/৪এ-১/০৬ তারিখ : ১৩.০৬.২০১২] ভিত্তিতে উৎসাহবর্ধক তহবিল প্রদান : স্বমূল্যায়ন প্রতিবেদনের নম্বর যাচাই প্রক্রিয়ার নির্দেশিকা**

মহাশয়/মহাশয়া,

আপনি অবগত আছেন যে পশ্চিমবঙ্গে ত্রিস্তর পঞ্চায়েতে চালু স্বমূল্যায়ন প্রক্রিয়ার লক্ষ্য হল পঞ্চায়েত তার কাজকর্ম কতটা ভালোভাবে করতে পেরেছেন তা নিজেরাই বিচার করা এবং তার উপর ভিত্তি করে আরও সফলভাবে কাজ করার উদ্যোগ নেওয়া। আর স্বমূল্যায়নের তথ্য কাজে লাগিয়ে উপরের স্তর থেকে প্রয়োজনীয় সহায়তাও দেওয়া যাবে। এছাড়া স্বমূল্যায়নের আরেকটি মাত্রা হল শ্রেষ্ঠ পঞ্চায়েতকে উৎসাহবর্ধক তহবিল দেওয়া। আপনারা জানেন যে গত ছয় বছর ধরে গ্রাম পঞ্চায়েতের স্বমূল্যায়ন প্রতিবেদনের নম্বর যাচাইয়ের ভিত্তিতে ব্লকের মধ্যে নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা (প্রশ্ন নং ১-১৩) এবং সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার (প্রশ্ন নং ১৪-২১) এই দুই বিভাগে সর্বোচ্চ নম্বর পাওয়া গ্রাম পঞ্চায়েতকে উৎসাহবর্ধক তহবিল দেওয়া হচ্ছে। এই নম্বর যাচাই প্রক্রিয়ার বিস্তারিত নির্দেশিকা নীচে উল্লেখ করা হল। ব্লকস্তরে **গ্রাম পঞ্চায়েতের স্বমূল্যায়নের নম্বর যাচাইয়ের শেষ তারিখ <u>৩০শে সেপ্টেম্বর, ২০১২</u>** ।

১. কেবলমাত্র সেই সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিরই নম্বর যাচাই করা হবে –
   (ক) যারা ৩১শে আগস্টের ২০১২ মধ্যে পূরণ করা প্রতিবেদন সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে জমা দিয়েছে। এবং
   (খ) যারা পাঁচটি উপ-সমিতির সভায় এবং গ্রাম পঞ্চায়েতের বর্ধিত সাধারণ সভায় সকলে মিলে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করেছে এবং প্রতিবেদনের ৫৭ পাতায় পাঁচটি উপ-সমিতির সঞ্চালক ও প্রধানের তরফে সেই মর্মে শংসাপত্র দেওয়া আছে।
২. ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করেছে এমন সমস্ত গ্রাম পঞ্চায়েতেরই নম্বর যাচাই করা হবে।
৩. ২১টি মূল বিষয়ের প্রত্যেকটি থেকে একটি করে প্রশ্ন বেছে নেওয়া হবে। ২১ বিষয়ে কেবলমাত্র এই ১টি করে প্রশ্নের নম্বরই যাচাই করা হবে।
৪. নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় ১৩টি প্রশ্নের নম্বর যাচাই করা হবে। এই ১৩টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর যাচাইয়ের পরে যে হারে পরিবর্তিত হল নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় ঐ গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও সেই হারে পরিবর্তিত হবে। ধরা যাক ১৩টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ছিল ৭০ এবং তার মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ৫০ দিয়েছিল। এবং ১-১৩ নং প্রশ্নে মোট ২০০ নম্বরের মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ১৪০ দিয়েছিল। যাচাইয়ের পর ১৩টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ৫০ থেকে কমে হল ৪০ অর্থাৎ ২০% কমে গেল। সেই অনুযায়ী ১-১৩ নং প্রশ্নের মোট প্রাপ্ত নম্বরও ২০% কমে যাবে অর্থাৎ ১৪০ থেকে ২০% কমে গিয়ে ঐ গ্রাম পঞ্চায়েতের যাচাই পরবর্তী প্রাপ্ত নম্বর হবে ১১২ (১৪০-২৮)।
৫. সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারে ৮টি প্রশ্নের নম্বর যাচাই করা হবে। এই ৮টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর যাচাইয়ের পরে যে হারে পরিবর্তিত হল সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারে ঐ গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও সেই হারে

পরিবর্তিত হবে। ধরা যাক ৮টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ছিল ৪০ এবং তার মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ৩০ দিয়েছিল। এবং ১৪-২১ নং প্রশ্নে মোট ১০০ নম্বরের মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ৭০ দিয়েছিল। যাচাইয়ের পর ৮টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ৩০ থেকে কমে হল ২৪ অর্থাৎ ২০% কমে গেল। সেই অনুযায়ী ১৪-২১ নং প্রশ্নের মোট প্রাপ্ত নম্বরও ২০% কমে যাবে অর্থাৎ ৭০ থেকে ২০% কমে গিয়ে ঐ গ্রাম পঞ্চায়েতের যাচাই পরবর্তী প্রাপ্ত নম্বর হবে ৫৬ (৭০-১৪)।

৬. কোন কোন প্রশ্নের নম্বর কীভাবে যাচাই করতে হবে তা নীচের সারণীতে উল্লেখ করা হল।

| কোন কোন প্রশ্নের নম্বর যাচাই করতে হবে | গ্রাম পঞ্চায়েতকে নম্বরের/উত্তরের সমর্থনে যা দেখাতে হবে | যাচাই করার পদ্ধতির ব্যাখ্যা |
|---|---|---|
| ১. (ক) (৫) সবকটি গ্রাম সংসদ সভার কার্যবিবরণী লেখা হয়েছে কি ? | সবকটি সংসদের গ্রাম সংসদ সভার কার্যবিবরণী বই বা তার ফটোকপি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ২. (খ) (৯) গত ২০১১-১২ আর্থিক বছরে সমস্ত উপসমিতিগুলির সম্মিলিত ভাবে কত শতাংশ সভা হয়েছে? | উপসমিতিগুলির সভার কার্যবিবরণী বই বা তার ফটোকপি | প্রতিটি উপসমিতির একটি আর্থিক বছরে ১২ টি করে সভা করার কথা। পাঁচটি উপসমিতি তাই মোট ষাটটি সভা করবে। |
| ৩. (জ) গত ২০১১-১২আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতগুলিতে কত শতাংশ জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণ করা হয়েছে? | এই সংক্রান্ত রেজিস্টার যেখানে সারা বছরের জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণর নথিভুক্ত হয় | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ৪. (ঙ) গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে সর্বসাধারণের ব্যবহার্য ভাল শৌচাগার (ব্যবহারযোগ্য ও জলের ব্যবস্থা সহ) আছে কি? | গ্রাম পঞ্চায়েতের মধ্যে এইরকম সর্বসাধারণের ব্যবহার্য ভাল শৌচাগারের ছবি | ভাল শৌচাগার অর্থে যে শৌচাগার ব্যবহারযোগ্য রাখা হয় ও জলের ব্যবস্থা আছে সেগুলিকে ধরতে হবে। |
| ৫. (গ) (১) তথ্যের অধিকার আইন অনুযায়ী নাগরিকদের তথ্য জানানোর ব্যবস্থা আছে কি? | সংশ্লিষ্ট রেজিস্টার বা তার ফটোকপি | তথ্য পাওয়ার অধিকার আইনে স্বীকৃতি পেয়েছে। নীতির দিক থেকেও এই অধিকারকে অস্বীকার করা যায় না। কেউ তথ্য পেলে বোঝা যায় যে শুধু কাগজে নয় বাস্তবেও তথ্য জানানো হচ্ছে। |
| ৬. (ঙ) গত ২০১১-১২ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতে সামাজিক নিরীক্ষা হয়েছে কিনা? | সংশ্লিষ্ট রেজিস্টার বা তার ফটোকপি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ৭. (ঘ) কত শতাংশ গ্রাম সংসদে কোনো প্রাথমিক বিদ্যালয়, শিশু শিক্ষা কেন্দ্র বা বিকল্প শিক্ষা কেন্দ্র (এ.আই.ই../ব্রীজ কোর্স কেন্দ্র, সর্বশিক্ষা অভিযান প্রকল্পের আওতায় খোলা) নেই? | নির্দিষ্ট তথ্য নিয়ে আসতে হবে। | (এই ধরণের প্রতিষ্ঠান নেই এমন গ্রাম সংসদের সংখ্যা × ১০০) ÷ গ্রাম পঞ্চায়েতের মোট গ্রাম সংসদের সংখ্যা। |
| ৮. (ক) (৩) ২০১১-১২ আর্থিক বছরে কত শতাংশ শিশু হাসপাতাল বা প্রশিক্ষণপ্রাপ্ত দাইয়ের সাহায্য ছাড়াই জন্মেছে? | চতুর্থ শনিবারের সভা থেকে সংশ্লিষ্ট তথ্য নিয়ে আসতে হবে। | [=(২০১১-১২ আর্থিক বছরে হাসপাতাল বা প্রশিক্ষণপ্রাপ্ত দাইয়ের সাহায্য ছাড়া জন্ম নেওয়া শিশুর সংখ্যা X ১০০) ÷ ২০১১-১২ আর্থিক বছরে জন্মানো মোট শিশুর সংখ্যা। |

| কোন কোন প্রশ্নের নম্বর যাচাই করতে হবে | গ্রাম পঞ্চায়েতকে নম্বরের/উত্তরের সমর্থনে যা দেখাতে হবে | যাচাই করার পদ্ধতির ব্যাখ্যা |
|---|---|---|
| ৯. (ঘ) গ্রাম পঞ্চায়েত স্তরে স্বনির্ভর দলের সংঘ (Cluster) আছে কি? | নির্দিষ্ট তথ্য নিয়ে আসতে হবে। | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ১০. (গ) ২০১১-১২ আর্থিক বছরের শেষে গ্রাম পঞ্চায়েত এলাকায় কত শতাংশ উপ-স্বাস্থ্যকেন্দ্রের পাকা বাড়ি, পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার (তিনটি ব্যবস্থাই) আছে? | শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির সেই সভার কার্যবিবরণী বই বা তার ফটোকপি যে সভায় এই বিষয়ের তথ্য আছে | কয়টির পাকা বাড়ি আছে, কয়টিতে পানীয় জলের ব্যবস্থা আছে এবং কয়টিতে শৌচাগার আছে এই উত্তর তিনটির মধ্যে যে সংখ্যাটি সবচেয়ে কম সেটিকে মোট উপ-স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা দিয়ে ভাগ করে ১০০ দিয়ে গুণ করে প্রয়োজনীয় শতাংশ বের করতে হবে। এই বের করা শতাংশটি যদি ১০. (গ) প্রশ্নে দেওয়া উত্তরের (বা সেই অনুযায়ী নম্বর) সমান বা বেশি হয় তাহলে উত্তর বা নম্বর ঠিক আছে বলে ধরে নিতে হবে। আর এই বের করা শতাংশটি যদি ১০. (গ) প্রশ্নে দেওয়া উত্তরের (বা সেই অনুযায়ী নম্বর) কম হয় তাহলে এই বের করা শতাংশটিকেই উত্তর হিসাবে ধরে নম্বর পরিবর্তন করতে হবে। কোনো তথ্য না থাকলে -১ পাওয়া যাবে। |
| ১১. (ক) ২০১১-১২ আর্থিক বছরের শেষে কত শতাংশ পরিবার গৃহহীন? | ২০০৫-এর গ্রামীণ পরিবার সমীক্ষা অনুযায়ী মোট পরিবারের সংখ্যা ও P2=1 এমন পরিবারের সংখ্যা এবং ২০০৬-০৭, ২০০৭-০৮, ২০০৮-০৯, ২০০৯-১০ ও ২০১০-১১ সালে ইন্দিরা আবাস যোজনা বা অন্য কোনো প্রকল্পে যতগুলি পরিবার নতুন গৃহনির্মাণের অনুদান পেয়েছেন তার তথ্য | ২০০৫-এর গ্রামীণ পরিবার সমীক্ষার P2=1 পরিবারের সংখ্যা থেকে গত চার বছরে উল্লিখিত প্রকল্প/গুলি থেকে সহায়তা পেয়েছেন এমন পরিবারের সংখ্যা বাদ দিলে গৃহহীন পরিবারের সংখ্যা বেরোবে। গৃহহীন পরিবারের সংখ্যাকে ১০০ দিয়ে গুণ করে মোট পরিবারের সংখ্যা দিয়ে ভাগ করলে প্রয়োজনীয় শতাংশ পাওয়া যাবে। |
| ১২. (ক) বিপর্যয় মোকাবিলার জন্য গ্রাম পঞ্চায়েত ২০১১-১২ আর্থিক বছরের আগাম পরিকল্পনা তৈরি করেছে কি? | বিপর্যয় মোকাবিলার জন্য আগাম পরিকল্পনার কপি / সাধারণ সভার বা অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির কার্যবিবরণীতে ওই পরিকল্পনা গ্রহণ করার সিদ্ধান্ত | পরিকল্পনার গুণমান এখানে বিচার্য নয়। পরিকল্পনা করা হয়েছে এবং গ্রাম পঞ্চায়েত তা গ্রহণ করেছে এটিই দেখার বিষয়। |
| ১৩. (ঘ) ২০১১-১২ আর্থিক বছরের শেষ পর্যন্ত কত শতাংশ শারীরিক ও মানসিক প্রতিবন্ধী ব্যক্তিদের কোনো প্রকল্পে সুযোগসুবিধা দেওয়া গেছে? | IGNDPS সহ সংশ্লিষ্ট তথ্য এবং নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির কার্যবিবরণী বই বা তার ফটোকপি | মোট প্রতিবন্ধীর তুলনায় কতজন সুযোগ সুবিধা পেয়েছেন তার ভিত্তিতে শতাংশ হিসাব করতে হবে। |
| ১৪. (ক) উপবিধি (Bye-Law) অনুসারে নির্ধারিত অভিকর (Rate), ফি ইত্যাদির আদায় ২০১০-১১ আর্থিক বছরের তুলনায় ২০১১-১২ আর্থিক বছরে কত শতাংশ বৃদ্ধি পেয়েছে? | অনুমোদিত উপবিধির কপি, ২০১০-১১ ও ২০১১-১২ আর্থিক বছরের ২৭ নং ফরম (হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট নিয়মাবলী) বা এগুলির ফটোকপি | অনুমোদিত উপবিধির কপি না থাকলে -২ পাওয়া যাবে। অনুমোদিত উপবিধির কপি থাকলে ২০১০-১১ ও ২০১১-১২ সালের ২৭ নং ফরমে (গ) নিজস্ব আয় জমা খাতের ২) কর বহির্ভূত আয়ের উল্লিখিত সময়কালে জমা মিলিয়ে দেখতে হবে। ২০১১-১২ সালের আদায় ২০১০-১১ সালের থেকে কমে গেলে -২ নম্বর পাওয়া যাবে। ২০১১-১২ সালের আদায় ২০১০-১১ সালের থেকে কত বেশি সেই হিসাবে নম্বর পাওয়া যাবে। |

| কোন কোন প্রশ্নের নম্বর যাচাই করতে হবে | গ্রাম পঞ্চায়েতকে নম্বরের/উত্তরের সমর্থনে যা দেখাতে হবে | যাচাই করার পদ্ধতির ব্যাখ্যা |
|---|---|---|
| ১৫. (গ) বাজেট বহির্ভূত খরচ হয়ে থাকলে সেই অনুযায়ী ২০১১-১২ আর্থিক বছরের অতিরিক্ত এবং সংশোধিত বাজেট (Supplementary and Revised Estimate) ২৫শে ফেব্রুয়ারী ২০১২ তারিখের মধ্যে গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় অনুমোদিত হয়েছিল কি? | গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় ২০১১-১২ আর্থিক বছরের গ্রাম পঞ্চায়েতের বাজেট অনুমোদনের কার্যবিবরণী বা তার ফটোকপি | বাজেট বহির্ভূত খরচ হওয়া সত্ত্বেও গ্রাম পঞ্চায়েতে অতিরিক্ত এবং সংশোধিত বাজেট তৈরি না হলে -২ পাওয়া যাবে। |
| ১৬. (খ) (৩) ২০১১-১২ আর্থিক বছরে নির্ধারিত করের (Assess-ment) কত শতাংশ সংগৃহীত হয়েছিল? | ২০১০-১১ আর্থিক বছরের ২৭ নং ফরম (হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট নিয়মাবলী) বা এর ফটোকপি | কর আদায়কে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে মাথাপিছু অ-কর সংগ্রহ পাওয়া যাবে এবং সেই হিসাবে নম্বর পাওয়া যাবে। দুটির মধ্যে যে কোনো একটিতে তথ্য না থাকলে ০ পাওয়া যাবে। |
| ১৭. (গ) Gram Panchayat Management System (GPMS) চালু হয়েছে কি এবং কী অবস্থায় আছে? | GPMS এর মাধ্যমে তৈরি ২৬ ও ২৭ নং ফর্ম এবং অন্যান্য প্রাশঙ্গিক নথি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ১৮. (ঘ) শেষ অভ্যন্তরীণ নিরীক্ষার (Internal Audit) প্রতিবেদন গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় পেশ করে আলোচনা করা হয়েছে কি? | গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভার কার্যবিবরণী বা তার ফটোকপি | শেষ পাওয়া নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে বিচার করতে হবে। প্রতিবেদনে যে তারিখ পাওয়া গেছে তার তিন মাসের মধ্যে সাধারণ সভায় বিশদভাবে আলোচনা হলে তবেই নম্বর পাওয়া যাবে। |
| ১৯. (ক) ২০১১-১২ আর্থিক বছরে মোট প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে? | ২০১০-১১ আর্থিক বছরের ২৭ নং ফরম (হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট নিয়মাবলী) বা এর ফটোকপি | উল্লিখিত সময়কালে খরচের পরিমাণকে ১০০ দিয়ে গুণ করে আয়ের মোট পরিমাণ দিয়ে ভাগ করলে প্রয়োজনীয় শতাংশ পাওয়া যাবে। সেই শতাংশ অনুযায়ী নম্বর ঠিক হবে। |
| ২০. (খ) (২) ২০১১-১২ আর্থিক বছরের জমা খরচের বার্ষিক বিবরণী (২৭ নং ফর্ম) | ২৭ নং ফর্ম | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ২১. (ক) বনসৃজন সম্ভব এমন জায়গার কত শতাংশ এলাকায় বনসৃজন করা হয়েছে (৩১শে মার্চ ২০১২ তারিখ পর্যন্ত)? | কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির নর্দিষ্ট তথ্য নিয়ে আসতে হবে। | গ্রাম পঞ্চায়েতের সদস্যদের শংসাপত্রে দেওয়া তথ্যগুলি যোগ করে মোট নলকূপ, কুঁয়া ও পুকুরের সংখ্যা এবং সেগুলির মধ্যে কতগুলি গ্রীষ্মকালে শুকিয়ে যায় তা পাওয়া যাবে। এর ভিত্তিতে শতাংশ বের করে নম্বর যাচাই হবে। |

৭. এইভাবে প্রত্যেকটি প্রশ্নের নম্বর যাচাই করার পর সবকটি প্রশ্নের নম্বরকে গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাই প্রতিবেদনে তুলে আনতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে নির্দিষ্ট জায়গায় স্বাক্ষর করতে হবে ও সীল দিতে হবে। প্রতিবেদনটি পরের পাতায় উল্লেখ করা হল।

৮. গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাই প্রতিবেদন

| (ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা | | | (খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার | | |
|---|---|---|---|---|---|
| প্রশ্ন নং | গ্রাম পঞ্চায়েত নিজেকে যে নম্বর দিয়েছে | যাচাই করার পরে গ্রাম পঞ্চায়েতের নম্বর যা দাঁড়িয়েছে | প্রশ্ন নং | গ্রাম পঞ্চায়েত নিজেকে যে নম্বর দিয়েছে | যাচাই করার পরে গ্রাম পঞ্চায়েতের নম্বর যা দাঁড়িয়েছে |
| ১. (ক) (৫) | | | ১৪. (ক) | | |
| ২. (খ) (৯) | | | ১৫. (গ) | | |
| ৩. (জ) | | | ১৬. (খ) (৩) | | |
| ৪. (ঙ) | | | ১৭. (গ) | | |
| ৫. (গ) (১) | | | ১৮. (ঘ) | | |
| ৬. (ঙ) | | | ১৯. (ক) | | |
| ৭. (ঘ) | | | ২০. (খ) (২) | | |
| ৮. (ক) (৩) | | | ২১. (ক) | | |
| ৯. (ঘ) | | | - | - | - |
| ১০. (গ) | | | - | - | - |
| ১১. (ক) | | | - | - | - |
| ১২. (ক) | | | - | - | - |
| ১৩. (ঘ) | | | - | - | - |
| মোট (বাছাই করা প্রশ্নগুলির) | | | | | |
| মোট * (সমস্ত প্রশ্ন মিলিয়ে) | | | | | |

* বাছাই করা প্রশ্নগুলির মোট নম্বর যাচাইয়ের পরে যে হারে পরিবর্তিত হল এক একটি বিভাগে (নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা এবং সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার) ঐ গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও সেই হারে পরিবর্তিত হবে।

পরীক্ষাকারী দলের সদস্যদের স্বাক্ষর ও সীল:

(১) ____________________

(২) ____________________

আমাদের গ্রাম পঞ্চায়েত সম্বন্ধে যাচাই করা নম্বরগুলি দেখলাম।

____________________

গ্রাম পঞ্চায়েতের প্রধানের স্বাক্ষর ও সীল (যে গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করা হল)

পরীক্ষাকারী দলের সদস্যরা নম্বর যেভাবে পরিবর্তন করেছেন তা সঠিক এবং ঐ পরিবর্তিত নম্বরগুলিই চূড়ান্ত।

..........................................................

সমষ্টি উন্নয়ন আধিকারিকের স্বাক্ষর ও সীল

৯. একটি গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে অন্য আরেকটি গ্রাম পঞ্চায়েত। ব্লকের যে গ্রাম পঞ্চায়েতগুলি ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করেছে তাদেরকে উদ্দেশ্যহীনভাবে (র‍্যানডম পদ্ধতিতে অর্থাৎ কোনো ধরণের মাপকাঠি ব্যবহার না করে) ১টি নম্বর দ্বারা (যে কোনো একটি গ্রাম পঞ্চায়েতকে ১ নম্বর গ্রাম পঞ্চায়েত, যে কোনো একটি গ্রাম পঞ্চায়েতকে ২ নম্বর গ্রাম পঞ্চায়েত.. . . . . . . . . . ইত্যাদি) চিহ্নিত করতে হবে। তারপর এই উদ্দেশ্যহীনভাবে চিহ্নিত ১ নম্বর গ্রাম পঞ্চায়েত ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে, ২ নম্বর গ্রাম পঞ্চায়েত ৩ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে, ৩ নম্বর গ্রাম পঞ্চায়েত ৪ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে, .................. । এইভাবে শেষ নম্বরের গ্রাম পঞ্চায়েত ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে। এটি নমুনা মাত্র। স্থানীয় অবস্থা অনুযায়ী একটি গ্রাম পঞ্চায়েতের নম্বর যে কোনো অন্য গ্রাম পঞ্চায়েত পরীক্ষা করতেই পারে এবং কোন গ্রাম পঞ্চায়েতের নম্বর কোন গ্রাম পঞ্চায়েত পরীক্ষা করবে সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন সমষ্টি উন্নয়ন আধিকারিক।

১০. একটি নির্দিষ্ট দিনে নম্বর পরীক্ষার জন্য ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করা গ্রাম পঞ্চায়েতগুলিকে সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে ডাকতে হবে। তাঁদেরকে কী কী কাগজপত্র নিয়ে আসতে হবে তাও আগে থেকে জানিয়ে দিতে হবে।

১১. একটি গ্রাম পঞ্চায়েত থেকে চার জনের একটি দল নম্বর পরীক্ষার দিন আসবেন। এই দলে থাকবেন (১) প্রধান, (২) উপ-প্রধান / যে কোনো একটি উপ-সমিতির সঞ্চালক (কে আসবেন তা প্রধান ঠিক করবেন), (৩) নির্বাহী সহায়ক এবং (৪) সচিব / নির্মাণ সহায়ক / কর্ম সহায়ক / সহায়ক (কে আসবেন তা প্রধান ঠিক করবেন)। এই চার জনের মধ্য থেকে দুজন নিজের গ্রাম পঞ্চায়েতের কাগজপত্র দেখাবেন এবং দুজন অন্য গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবেন। কোন দুজন কাগজপত্র দেখাবেন এবং কোন দুজন অন্য গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবেন তা ঐ গ্রাম পঞ্চায়েতের প্রধান ঠিক করবেন।

১২. সমষ্টি উন্নয়ন আধিকারিক গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাইয়ের সময় তাঁর পঞ্চায়েত সংশ্লিষ্ট আধিকারিকদের পর্যবেক্ষক হিসাবে নিযুক্ত করবেন।

১৩. যাচাই করে প্রকৃত নম্বর কত হবে সেই নিয়ে দুটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে কোনো মতপার্থক্য বা বিরোধ দেখা দিলে তা নিরসনের জন্য উপস্থিত আধিকারিকগণ হস্তক্ষেপ করবেন। যদি বিরোধ নিষ্পত্তি না হয় তাহলে সমষ্টি উন্নয়ন আধিকারিকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. কোনো অপ্রীতিকর পরিস্থিতির উদ্ভব হলে সমষ্টি উন্নয়ন আধিকারিক অন্য গ্রাম পঞ্চায়েতকে দিয়ে এই নম্বর যাচাইয়ের প্রক্রিয়াটি বাতিল করে দেবেন এবং তিনি পঞ্চায়েত সংশ্লিষ্ট আধিকারিকদের দিয়ে উপরে উল্লিখিত পদ্ধতিমতো গ্রাম পঞ্চায়েতগুলির নম্বর যাচাই করাবেন।

১৫. সমষ্টি উন্নয়ন আধিকারিক গ্রাম পঞ্চায়েতগুলির যাচাই পরবর্তী নম্বরের তালিকা (৮. গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাই প্রতিবেদন) জেলা শাসকের কাছে জমা দেবেন।

১৬. গত বছর থেকে স্বমূল্যায়ন প্রক্রিয়া কেন্দ্রীয় সরকারের পঞ্চায়েতীরাজ মন্ত্রকের (MoPR), Panchayat Empowerment & Accountability Incentive Scheme (PEAIS) প্রক্রিয়ার সঙ্গে যুক্ত হয়েছে । এই PEAIS প্রকল্পে আপনার জেলার অর্ন্তগত গ্রাম পঞ্চায়েতগুলি যুক্ত করার জন্য গ্রাম পঞ্চায়েতের স্বমূল্যায়নের দুটি বিভাগে 'ক' এবং 'খ' যাচাই পরবর্তী নম্বর EXCEL SHEET-এ পূর্ণ করে নিম্নলিখিত e-mail-এ **<u>২রা নভেম্বর, ২০১২</u>** তারিখের মধ্যে পাঠানোর অনুরোধ জানাই: sonaldattaray@gmail.com manabk68@gmail.com rabi.m@rediffmail.com

এই যাচাই প্রক্রিয়ার উদ্দেশ্য সঠিকভাবে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলির কাছে তুলে ধরতে জেলা ও ব্লক স্তরের আধিকারিকদের নির্দেশ দেওয়ার জন্য আপনাকে অনুরোধ জানাই। এছাড়া যাচাই প্রক্রিয়ার সময় একটি সুন্দর পরিবেশ বজায় রেখে একে অপরের কাজকর্মের সাথে ভালভাবে পরিচিত হওয়ার এই সুযোগের সম্পূর্ণ সদ্ব্যবহার করার জন্য গ্রাম পঞ্চায়েতগুলিকে আবেদন জানাই।

আপনার বিশ্বস্ত,

(সৌরভ কুমার দাস)
প্রধান সচিব

স্মারক নং : ৪৬৫০/১(৯)/পি.এন/ও/১/৪এ-১/০৬(পার্ট-১) তারিখ : ৩১ .০৮.২০১২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য দেওয়া হল :

১. মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা।

২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।

৩. সভাধিপতি, ........................................................ জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।

৪. অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ...................................... জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।

৫. মহকুমা শাসক, ................................................................ মহকুমা (সকল)।

৬. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ........................................................ জেলা (সকল)।

অনুলিপি সকল মহকুমা শাসক, পঞ্চায়েত সমিতির সভাপতি ও সমষ্টি উন্নয়ন আধিকারিককে প্রেরণের অনুরোধ করা হল।

৭. সভাপতি, ............................................................ পঞ্চায়েত সমিতি (সকল)।

৮. সমষ্টি উন্নয়ন আধিকারিক .................................................................. ব্লক (সকল)।

অনুলিপি সকল গ্রাম পঞ্চায়েতের প্রধানকে প্রেরণের অনুরোধ করা হল।

৯. প্রধান, ................................................................ (গ্রাম পঞ্চায়েত) (সকল)।

(দিলীপ কুমার পাল)
যুগ্ম সচিব